

## চতুর্থ অধ্যায় এইচটিএমএল এবং ওয়েবসাইট ডিজাইন

### মডেল--০৬

১. বর্তমানে সারা বিশ্বে বিভিন্ন প্রতিষ্ঠান তাদের বিভিন্ন তথ্য বা পণ্য প্রচারের জন্য ওয়েব পেইজের মাধ্যমে ইন্টারনেটের সাথে সংযুক্ত হচ্ছে। ওয়েব পেইজকে সুন্দর ও আকর্ষণীয় করার জন্য যেকোনো গ্রাফিক্স, অডিও, ভিডিও সংযুক্ত করা হয়। ওয়েবসাইটে একাধিক পেইজের মধ্যে লিংক স্থাপন করা হয়। বর্তমানে প্রত্যেকটি প্রতিষ্ঠান তাদের তথ্যসমূহ ওয়েবসাইটে তৈরি করে বিশ্বের যেকোনো প্রান্ত থেকে যে কেউ ইচ্ছা করলে ঐ প্রতিষ্ঠানের ওয়েবসাইট ব্রাউজ করে জেনে নিতে পারে। HTML ব্যবহার করে ওয়েব পেইজ তৈরি করা যায়। ওয়ার্ল্ড ওয়েবে ওয়েবসাইটটি সংরক্ষিত থাকে। প্রত্যেকটি ওয়েবসাইটের নিজস্ব একটি ঠিকানা থাকে।

ক. ওয়েব পেইজ বলতে কী বোঝ?

খ. HTML-এর দুটি ফরম্যাটিং ট্যাগের ব্যবহার লেখ।

গ. ওয়েব পেইজকে আকর্ষণীয় করার উপায় - উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকের আলোকে একটি প্রতিষ্ঠানে ওয়েবসাইট-এর প্রয়োজনীয়তা বিশ্লেষণ করো।

২. নিচের সিনট্যাক্সটি লক্ষ্য করো:

```
<img src = "D:\Picture\Birds.jpg" width="40" height = "50" vspace="5" hspace="5" title="dove">
```

ক. ওয়েব ব্রাউজিং কী?

খ. ওয়েবসাইট কী কাজে লাগে?

গ. উদ্দীপকে উল্লেখিত সিনট্যাক্সটি বিস্তারিত আলোচনা করো।

ঘ. একটি ওয়েব পেইজে উদ্দীপকে উল্লেখিত কার্যক্রম এর উপযোগিতা বিশ্লেষণ করো।

৩. তসলিমা সুমাইয়াকে বলল, “তথ্য প্রযুক্তির সর্বাপেক্ষা কার্যকর ও উপকারী বিষয়সমূহের মধ্যে উল্লেখযোগ্য হলো ওয়েব বা WWW। সাইবার স্পেসের সমস্ত কাজই এই প্রযুক্তিতে সম্ভব। লেখাপড়া, গবেষণা থেকে শুরু করে যার যেরকম চাহিদা তার সবই মেটানো সম্ভব এই প্রযুক্তির মাধ্যমে।” তসলিমা আরো বললেন, “তথ্য প্রযুক্তির এই যুগে প্রত্যেক ব্যক্তি বা কোম্পানিরই নিজস্ব ওয়েবসাইট থাকা প্রয়োজন”।

ক. ডোমেইন কী?

খ. HTML-এ কাজ করার জন্য আমাদের কী কী প্রয়োজন হবে?

গ. শিক্ষা কার্যক্রম উন্নয়নে উক্ত প্রযুক্তির ব্যবহার বর্ণনা করো।

ঘ. তসলিমার শেষোক্ত উক্তিটির প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর।